

ফোরাম পোস্টিং ইন্টারনেট ফোরাম

ফোরাম হচ্ছে একটি অনলাইন ডিসকাশন বোর্ড, যার মাধ্যমে লোকেরা একে অন্যের সাথে মেসেজ আকারে যোগাযোগ করতে পারে। চ্যাটের মতো ফোরামে মেসেজগুলো তাৎক্ষণিকভাবে দেখা যায় না, নতুন মেসেজ দেখতে পেজ রিলোড করতে হয়। এ ছাড়া একটি মেসেজ পোস্ট করার জন্য ওই ফোরামের মডারেটরের কাছ থেকে মেসেজটি অনুমোদন করিয়ে নিতে হয়। ফোরামের নিজস্ব ভাষা রয়েছে এবং এর গাছের মতো শাখা-প্রশাখা রয়েছে। যেমন— ফোরাম, সাব-ফোরাম, টপিক, থ্রেড, রিপ্লাই। ফোরামে যোগ দিতে আপনাকে রেজিস্ট্রেশন ও লগইন করতে হবে। লাখো-কোটি লোক এক-একটি ফোরামের সাথে যুক্ত এবং এক-একটি বিশেষ বিষয়ের ওপর হাজার হাজার ইন্টারনেট ফোরাম গড়ে তোলা হয়েছে, যেখানে লোকেরা ওই বিষয়ের ওপর আলোচনা করেন। একে অন্যের সমস্যা নিয়ে আলোচনা করেন এবং সমাধান দেন। এই ফোরামগুলোতে আপনি যদি সদস্য হন এবং আপনার ওয়েবসাইটের যথাযথ বিবরণ দিয়ে এবং উভ সাইটের সাথে মিল রেখে ওয়েবসাইট লিঙ্ক উপস্থাপন করেন, তাহলে আপনার সাইটে হাজার হাজার ভিজিটর আসবে। ফোরাম পোস্টিংকে মার্কেটিংয়ের পদ্ধতি হিসেবে নেয়ার আগে আপনাকে কিছু খোজ করতে হবে। প্রথমে আপনার সাইটের বিষয় সম্পর্কিত ফোরাম খুঁজে বের করতে হবে এবং ওই ফোরামের সদস্য সংখ্যা মনে রাখতে হবে। কারণ সদস্য সংখ্যা যত বেশি হবে, আপনার সাইটের ভিজিটরের সংখ্যা তত বেড়ে যাবে। এ জন্য বেশি সদস্য সংখ্যাবিশিষ্ট ফোরামগুলোতে যোগ দেয়ার চেষ্টা করুন। যখন আপনি কোনো ফোরাম খুঁজে পাবেন, এইচ ফোরামে কিছু দিন সময় দিন এবং এইচ ফোরামের পরিপূর্ণ সদস্য হিসেবে নিজেকে তৈরি করুন। এইচ ফোরামের ভাষা আয়ত করুন। এটি হয়তো আপনাদের কাছে অন্তর্ভুক্ত লাগবে, কিন্তু অনলাইনের প্রতিটি ফোরামের আলাদা সংস্কৃতি রয়েছে এবং অলিখিত কিছু নিয়ম রয়েছে, যা আপনি তাদের সাথে সাথে কিছু দিন সময় কাটালে ব্রহ্মতে পারবেন। আপনি যদি অসঙ্গতিপূর্ণ পোস্ট দিতে থাকেন, তাহলে আপনাকে অন্য সদস্যদ্বারা গ্রহণ নাও করতে পারে। ফলে আপনার সাইটে কোনো ভিজিটর আনতে পারবেন না।

আপনি যখন এইচ ফোরামের সংস্কৃতির সাথে পরিচিত হয়ে গেলে চোখ খেলা রাখুন, আপনার সাইটস্পটিং কোনো টপিকে আলোচনা হয় কি না, তা জানার জন্য। এরপর পোস্টকে তথ্যবহুল করে লিখুন।

ফোরাম সাইটগুলোর মাধ্যমে অর্থাৎ ফোরাম পোস্টিংয়ের মাধ্যমে আপনার সাইটে ভিজিটর বাড়ানোর উদ্দেশ্যে আপনাকে ফোরামগুলোতে বিষয়াভিত্তিক মেসেজ ও আপনার সাইট ইউআরএল পোস্ট দিতে হবে। এ পোস্টটি দুইভাবে দেয়া যায় : ০১. ম্যানুয়াল অর্থাৎ আপনাকে প্রত্যেকটি সাইট ভিজিট করতে হবে।

ইন্টারনেটে অর্থ উপার্জনের কৌশল

ইঞ্জিনিয়ার নাহিদ মিথুন


পৰ্ব-১২

Sign Up I Sign in Message Post করতে হবে। যার ফলে আপনার অনেক সময়ের অপচয় হবে। ০২. সফটওয়্যারের সাহায্যে মেসেজ পোস্ট করলে তা আপনার অনেক সময় বেঁচে যাবে। এবার দেখা যাক সফটওয়্যারের সাহায্যে ফোরামগুলোতে কীভাবে মেসেজ পোস্ট করতে হয়।

ফোরাম হচ্ছে একটি অনলাইন ডিসকাশন বোর্ড, যার মাধ্যমে লোকেরা একে অন্যের সাথে মেসেজ আকারে যোগাযোগ করতে পারে। চ্যাটের মতো ফোরামে মেসেজগুলো তাৎক্ষণিকভাবে দেখা যায় না, নতুন মেসেজ দেখতে পেজ রিলোড করতে হয়। এ ছাড়া একটি মেসেজ পোস্ট করার জন্য ওই ফোরামের মডারেটরের কাছ থেকে মেসেজটি অনুমোদন করিয়ে নিতে হয়।

সফটওয়্যারের সাহায্যে ফোরাম পোস্ট দেয়ার জন্য ফোরাম প্লাস সফটওয়্যারটি ইনস্টল করে রান করুন।

এবং প্রয়োজনীয় তথ্য দিয়ে Go Button-এ ক্লিক করুন। ফোরামগুলোতে পোস্ট সম্পর্ক



হলে আপনার ওয়েবসাইটগুলোতে ভিজিটর বাড়তে থাকবে। অনেক সময় সিকিউরিটি ও অপটিমাইজেশনের জন্য সাইটের স্ট্রাকচার পরিবর্তন হয়।

আপনার সাইটকে জনপ্রিয় করতে এবং সাইটের ভিজিটর বাড়ানোর জন্য চ্যাট মার্কেটিং একটি খুবই কার্যকর উপায়। ইনস্ট্যান্ট মার্কেটিংয়ের জন্য কোনো বিকল্প নেই। আপনি ইয়াহ চ্যাট রুমগুলোতে আপনার সাইট মার্কেটিংয়ের জন্য প্রথমে ইয়াহ মেসেঞ্জারে পাসোনাল এবং গোপনীয়ভাবে একজন সদস্যের কাছে চলে যাবে। এভাবে আপনি অন্য সদস্যদের কাছে আপনার লিঙ্কটি পৌছে দিতে পারেন।

এবার মেসেঞ্জার থেকে Yahoo! Chat' Join a room-এ ক্লিক করলে আপনার সামনে একটি

পেজ আসবে। এখান থেকে যেকোনো একটি ক্যাটাগরিতে ক্লিক করলে ইয়াহ রুমের ঘরে অনেক চ্যাট রুম চলে আসবে। যেকোনো একটি রুম নির্বাচন করুন।

Join Room-এ ক্লিক করলে আরেকটি পেজ আসবে এবং সেখানে একটি লিঙ্ক থাকবে, সেই লিঙ্কে ক্লিক করলে একটি Captcha আসবে, সেটি লিখুন। আপনি এখন একটি রুমে প্রবেশ করেছেন। এই রুমের অন্য সদস্যদের আপনি ডান পাশে দেখতে পাবেন।

এবার আপনার কম্পিউটার থেকে একটি নোডপ্যাড ওপেন করুন এবং সেখানে আপনার



সাইটের নাম, ইউআরএল এবং আকর্ষণীয় কিছু বক্তব্য লিখে সিলেক্ট করে কীবোর্ড থেকে Ctrl+C চাপুন। এবার আবার চ্যাট রুমে চলে যান। সেখান থেকে যেকোনো একজন সদস্যকে সিলেক্ট করে ডাবল ক্লিক করলে Instant Message Window আসবে। এবার ওই মেসেজ বক্সে (ছবিতে চিহ্নিত স্থানে) ক্লিক করে কীবোর্ড থেকে Ctrl+V চাপলে দেখবেন নোডপ্যাডের টেক্সটগুলো এখানে চলে এসেছে। এবার এন্টার চাপুন। ফলে আপনার ওয়েবসাইট লিঙ্কটি পাসোনাল এবং গোপনীয়ভাবে একজন সদস্যের কাছে চলে যাবে। এভাবে আপনি অন্য সদস্যদের কাছে আপনার লিঙ্কটি পৌছে দিতে পারেন।

ফিল্ডব্যাক : mentorsystems@gmail.com